যুগান্তর

তারিখ ... AUG. 03 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# ছাত্র ধর্মঘট ও শিক্ষকদের কর্মবিরতিতে শেকৃবি অচল

শেকৃবি প্রতিনিধি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অব্যাহত ছাত্র ধর্মঘট ও শিক্ষকদের ডাকা তিন দিনের কর্মবিরতির কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অচল হয়ে পড়েছে। বুধবারও ক্যাম্পাসে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি ছিল কম। প্রশাসনিক কাজেও দেখা দিয়েছে স্থবিরতা। গতকালও হল ছেড়ে গেছে অনেক শিক্ষার্থী: সোমবার ৫ দফা দাবিতে ছাত্রদলের ডাকা ধর্মঘট চলাকালে ছাত্রদল ক্যাডার আশরাফ কর্তৃক দুই শিক্ষক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে বুধবার থেকে তিন দিনের কর্মবিরতি শুরু করেছে শিক্ষক সমিতি। বিএনপিপন্থী সাদা দলের সভাপতি ড. সিরাজুল ইসলাম সাংবাদিকদের জানিয়েছেন, তিন দিনের মধ্যে অভিযুক্ত ছাত্রদল নেতা আশরাফকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার না করা হলে শিক্ষকদের কর্মবিরতির কর্মসূচি আরও দীর্ঘায়িত হবে। দীর্ঘ দিন থেকে শিক্ষক সমিতির সব কর্মসূচি বর্জনকারী আওয়ামী লীগপন্থী শিক্ষকদের সংগঠন সচেতন শিক্ষক সমাজ ও চলমান শিক্ষক সমিতির কর্মবিরতিতে সমর্থন দিয়েছে। ফলে ছাত্র ধর্মঘট ও শিক্ষক কর্মবিরতির কারণে কবে থেকে আবার শিক্ষা কার্যক্রম স্বাভাবিক হবে এ নিয়ে দেখা দিয়েছে চরম অনিশ্চয়তা।

এদিকে অভিযুক্ত তিন কর্মকর্তার মধ্যে রেজিস্ট্রার আবু আকবর মিয়া গতকাল অফিস করলে বদলিকৃত, দুই কর্মকর্তা ডেপুটি রেজিস্ট্রার খন্দকার সেলিম রেজা ও সেকশন অফিসার জাকিদুর রহমান বদলি পদে যোগদান করেননি। তাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে কোন তদন্ত কমিটি না হওয়ায় প্রশাসন তাদের বাঁচানোর পাঁয়তারা করছে বলে অভিযোগ ছাত্রদলের।

ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন থাকায় কোন কর্মসূচি পালন করতে পারেনি শিক্ষার্থীরা।




যুগান্তর

বুধবার রাজধানীতে বিসিএস (কৃষি) এসোসিয়েশন সংগ্রাম কমিটির মিছিল